কালের কণ্ঠ

তারিখ ..08 APR 2016.....
পৃঃ ..২৩.. কলাম ..৮.........

# জাল সার্টিফিকেট ও লাইসেন্স তৈরির অভিযোগে গ্রেপ্তার ৩

**নিজস্ব প্রতিবেদক ▷**

জাল ড্রাইভিং লাইসেন্স ও সার্টিফিকেট তৈরির অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করেছে র‍্যাব। গত বুধবার বিকেলে রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন আনোয়ারুল হক ওরফে শিমুল, আব্দুল কাইয়ুম ও সোহেল। তাদের কাছ থেকে তিন শতাধিক ড্রাইভিং লাইসেন্সের কাগজপত্র, সরঞ্জাম, জাল সার্টিফিকেট, কম্পিউটার, লেমিনেটিং মেশিন, ল্যাপটপ, প্রিন্টার, ট্যাব, সাপ্লাই মেশিন, স্ক্যানার, বিভিন্ন ব্যাংকের চেক ও হলফনামা জব্দ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে মিরপুরে র‍্যাব-৪-এর কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে অধিনায়ক খন্দকার লুৎফুল কবির বলেন, গ্রেপ্তারকৃতরা প্রতিটি পরীক্ষার জাল সার্টিফিকেট তৈরি ও ভুয়া ড্রাইভিং লাইসেন্স তৈরি করে। একটি চক্র যোগসাজশ করে নীলক্ষেত এলাকার রাফিন প্লাজায় অত্যাধুনিক যন্ত্রপাতি দিয়ে জাল ডিজিটাল ড্রাইভিং লাইসেন্স ও বিভিন্ন পাবলিক পরীক্ষার সার্টিফিকেট তৈরি করে আসছিল।